গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.১১.০০৫.১৯- ১৫২৪

তারিখঃ ১৬ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ
৩১ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ এম আব্দুর রহিম মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর কার্যালয়ে সার্বিক নিরাপত্তার জন্য অতিরিক্ত আরো ২৫ জন আনসার নিয়োগের প্রশাসনিক অনুমোদন।

সূত্রঃ এম আব্দুর রহিম মেডিকেল কলেজ হাসপাতালের স্মারক নং- পরিঃ/এমএআরমেকহা/দিনাজ/প্রশা/১৯/১৬৪৬, তারিখঃ ০১/০৭/২০১৯খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এম আব্দুর রহিম মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর কার্যালয়ে বর্তমানে ২৫ জন আনসার নিয়োজিত আছেন। ৫০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল হওয়া সত্ত্বেও বহু দুর-দুরান্ত হতে প্রতিদিন গড়ে ৭০০-৮০০ জন রোগী উক্ত হাসপাতালে ভর্তি থেকে চিকিৎসা সেবা গ্রহণ করেন। এছাড়াও হাসপাতালের উর্দ্ধমুখী সম্প্রসারণের কাজ চলমান রয়েছে এবং খুব শীঘ্রই ৫০০ শয্যা হইতে ৭৫০ শয্যায় উন্নীত করা হবে। কর্মরত ২৫ জন আনসারের পক্ষে নিরাপত্তা ব্যবস্থা সচল ও জোরদার রাখা কোন ক্রমেই সম্ভবপর হচ্ছে না। এজন্য আরো অতিরিক্ত ২৫ জন আনসার নিয়োগের জন্য সূত্রোক্ত স্মারকে উক্ত কার্যালয় হতে অনুরোধ জানানো হয়েছে।

২। এমতাবস্থায়, এম আব্দুর রহিম মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর কার্যালয়ে সার্বিক নিরাপত্তার স্বার্থে অতিরিক্ত আরো ২৫ জন আনসার নিয়োগের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১৬/১০/১৯

(শাহিনা খাতুন)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অনুলিপিঃ

১। জনাব ইকবালুর রহিম এমপি, মননীয় হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। [দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (অর্থ)]
৩। পরিচালক, এম আব্দুর রহিম মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর।
৪। যুগ্মসচিব (বাজেট ১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.১১.০০৬.১৯- ১৫২৫

তারিখঃ ১৬ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ
৩১ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের লক্ষ্যে তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ স্বাস্থ্য অধিদপ্তরাধীন নিম্নবর্ণিত প্রতিষ্ঠানে আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদনের লক্ষ্যে প্রস্তাব প্রেরণ করা হয়েছেঃ

(১) ৫০ শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ধনবাড়ী টাঙ্গাইল।
(২) সিভিল সার্জন অফিস জয়পুরহাট ও তার নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানসমূহ।
(৩) ৩০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, নারায়ণগঞ্জ।
(৪) ২৫০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, ফেনী।
(৫) সিভিল সার্জন অফিস ঝালকাঠি ও তার নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানসমূহ।
(৬) সিভিল সার্জন অফিস ফেনী ও তার নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানসমূহ।

২। প্রস্তাবসমূহ পর্যালোচনায় দেখা যায়, অর্থ মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক যথাযথ তথ্যাদিসহ প্রস্তাব প্রেরণ করা হয়নি।

৩। এমতাবস্থায়, উল্লিখিত প্রতিষ্ঠানসমূহে আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদনের লক্ষ্যে প্রস্তাবিত পদসমূহের সৃজন/সংরক্ষণের আদেশ (অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাংকিত), সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ৪র্থ শ্রেণির মোট পদের সংখ্যা এবং ৪র্থ শ্রেণির বর্তমানে কর্মরত ও শূন্য পদের সংখ্যা, পদ শূন্য হওয়ার কারণ এবং প্রস্তাবিত পদসমূহে ২০১৮-২০১৯ অর্থ বছরে জনবল কর্মরত ছিল কিনা, সে বিষয়ে জরুরিভিত্তিতে তথ্যাদি প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬/১০/১৯
(শাহিনা খাতুন)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

বিতরণঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী, ঢাকা [দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)] (তথ্যাদি প্রেরণের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)।
২। সিভিল সার্জন, টাঙ্গাইল।
৩। সিভিল সার্জন, জয়পুরহাট।
৪। চিকিৎসা তত্ত্বাবধায়ক, উপ-পরিচালক, স্বাস্থ্য, ৩০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, নারায়ণগঞ্জ।
৫। তত্ত্বাবধায়ক (উপ-পরিচালক), ২৫০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, ফেনী।
৬। সিভিল সার্জন, ঝালকাঠি।
৭। সিভিল সার্জন, ফেনী।

অনুলিপিঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.১৩৭.১১৬.০০.০০.০০১.২০১৬-১৫২৭

তারিখ: ১৭ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ
০১ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়: সকল সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের স্টেশনারিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর লোগো ব্যবহার প্রসঙ্গে

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১১০.০০.০৫৮.১৯.১৪৮৫, তারিখ: ০৭.১০.২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকারি প্রেসে প্রকাশিত ডায়রি, ক্যালেন্ডারসহ স্টেশনারি সামগ্রিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর লোগো ব্যবহারের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে মাঠ পর্যায়ের সকল দপ্তর/সংস্থা ও প্রতিষ্ঠানসমূহে প্রয়োজনীয় দিক নির্দেশনা দেয়াসহ লোগো ব্যবহারের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হল।

সংযুক্তিঃ বর্ণনামতে,

১৭/১০/১৯

(শাহিনা খাতুন)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

বিতরণ:

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৩। উপসচিব, প্রশাসন-২, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.১১০.০০.০৫৮.১৯- ১৪৮৫

তারিখ: ২২ আশ্বিন ১৪২৬ / ০৭ অক্টোবর ২০১৯

বিষয়: সকল সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের স্টেশনারিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর লোগো ব্যবহার।

সূত্র: নং-জশউ/বাস্তবায়ন কমিটি/কর্মপরিকল্পনা-০১/২০১৯/২৭১, তারিখ ২৫/০৯/২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকারি প্রেসে প্রকাশিত ডায়রি, ক্যালেন্ডারসহ স্টেশনারি সামগ্রিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর লোগো ব্যবহারের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৭.১০.২০১৯

(মো: এনামুল হক)
উপসচিব
ফোন:৯৫৪০২১৮
admnint@mopa.gov.bd

সংযুক্ত: বর্ণনামতে ০২ পাতা

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/সচিব স্বাস্থ্য সেবা .... মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
৩. রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।
৪. রেক্টর, বিসিএস (প্রশাসন) একাডেমী, শাহবাগ, ঢাকা।
৫. মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৬. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৭. পরিবহণ কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৮. মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, ৬৩, নিউ ইস্কাটন, ঢাকা।
৯. পরিচালক, সরকারি কর্মচারি হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা।
১০. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১১. সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. অফিস কপি/মাস্টার ফাইল।

নং-০৫.০০.০০০০.১১০.০০.০৫৮.১৯-

তারিখ: ২২ আশ্বিন ১৪২৬ / ০৭ অক্টোবর ২০১৯

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। সৈয়দ নাসির এরশাদ, যুগ্মসচিব 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি', ৫ম তলা, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভবন, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা।

(মো: এনামুল হক)
উপসচিব।

স্বাস্থ্য ও পঃ কঃ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সচিব এর দপ্তর
অতি: সচিব (প্রশাসন)
অতি: সচিব (উন্নয়ন)
অতি: সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য)
অতি: সচিব (হাসপাতাল)
অতি: সচিব (বাজেট)
অতি: সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট)
অতি: সচিব (নার্সিং ও মিডওয়াইফারী)
অতি: সচিব (ঔষধ প্রশাসন ও আইন)
যুগ্মসচিব
যুগ্মপ্রধান
একান্ত সচিব

জয় বাংলা

জয় বঙ্গবন্ধু

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি

৫ম তলা, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভবন, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

স্মারক নং- জ:শ:উ:/বাস্তবায়ন কমিটি/কর্মপরিকল্পনা-০১/২০১৯/২৭১

তারিখ: ১০ আশ্বিন ১৪২৬ / ২৫ সেপ্টেম্বর ২০১৯

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের লক্ষ্যে সরকার 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় কমিটি' এবং 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি' গঠন করেছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় কমিটির সভাপতি। গত ২০শে মার্চ ২০১৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে উল্লিখিত দুটি কমিটির যৌথসভার মাধ্যমে আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু হয়। পরবর্তীতে জাতীয় বাস্তবায়ন কমিটি এবং জন্মশতবার্ষিকী উদ্‌যাপন কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে গঠিত আটটি উপকমিটির বেশ কয়েকটি সভা অনুষ্ঠিত হয়। জাতীয় কমিটির নির্দেশনার আলোকে জাতীয় বাস্তবায়ন কমিটির উক্ত সভাসমূহে এবং বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে প্রাপ্ত প্রস্তাবসমূহ পর্যালোচনা ও পরীক্ষা করে জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ বিবেচিত প্রস্তাবসমূহ নিয়ে একটি সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়, যা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে।

২। এই কর্মপরিকল্পনায় আপনার মন্ত্রণালয় সংশ্লিষ্ট কর্মসূচি অন্তর্ভুক্ত আছে, যা সফলভাবে বাস্তবায়নের জন্য আশু পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। বিবেচ্য কর্মপরিকল্পনার যেসব ক্ষেত্রে বাস্তবায়নের সময়কাল ও স্থান নির্ধারণ করা হয়নি, সেসব ক্ষেত্রে সময়কাল ও স্থান নির্ধারণপূর্বক জাতীয় বাস্তবায়ন কমিটিকে অবহিত করা আবশ্যক।

৩। বর্ণিত অবস্থায়, পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উল্লিখিত সমন্বিত কর্মপরিকল্পনায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে সংশ্লিষ্ট অংশ নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। তবে এর বাইরেও জাতির পিতার জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সংক্রান্ত তাদের নিজস্ব কর্মসূচি বাস্তবায়নে জনপ্রশাসন মন্ত্রণালয় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

২৫/৯/১৯

সৈয়দ নাসির এরশাদ
যুগ্ম সচিব
ফোন: ০২-৫৫১৩০৩১৭

সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
ঢাকা।

০২/১০/১৯

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির কর্মপরিকল্পনা

জনপ্রশাসন মন্ত্রণালয়

ক্র. নং	কর্মসূচি	তারিখ ও স্থান	বিস্তারিত কার্যক্রম	বাস্তবায়নকারী সংস্থা/প্রতিষ্ঠান/উপকমিটি/সহযোগী সংস্থা	অর্থায়ন	মন্তব্য
১.	সকল সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের স্টেশনারিতে জন্মশতবার্ষিকীর লোগো ব্যবহার	বছরব্যাপী সকল সরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান	বাংলাদেশ সরকারি প্রেসে প্রকাশিত ডায়রি, ক্যালেন্ডারসহ স্টেশনারি সামগ্রিতে জন্মশতবার্ষিকীর লোগো ব্যবহার	জনপ্রশাসন মন্ত্রণালয় ও বিভিন্ন বিভাগ/ দপ্তর ও সংস্থা	জনপ্রশাসন মন্ত্রণালয়	
২.	জাতির পিতার নৈকট্য লাভকারী কর্মকর্তা/কর্মচারি দের স্বীকৃতি প্রদান	১৭ই মার্চ ২০২০ হতে ১৭ই মার্চ ২০২১	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘনিষ্ঠ সান্নিধ্যে কাজ করা সিভিল সার্ভিসের কর্মকর্তা/কর্মচারীদের (সকল ক্যাডার) বিষয়ে তথ্য সম্বলিত পুস্তিকা প্রকাশনা বা তাদের সম্মাননা প্রদানের উদ্যোগ গ্রহণ	জনপ্রশাসন মন্ত্রণালয়	জনপ্রশাসন মন্ত্রণালয়	
৩.	জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান একাডেমিক কাম প্রশাসনিক ভবন এর নির্মাণ	১৭ই মার্চ ২০২১	জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান একাডেমিক কাম প্রশাসনিক ভবন এর নির্মাণ কাজ সম্পন্ন করে ২০২১ সালের ১৭ মার্চ উদ্বোধন	• জনপ্রশাসন মন্ত্রণালয় • বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)	বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪০.১১.০০৩.১৭(অংশ-১)- ১৫৪৫

তারিখঃ ২০ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ
০৪ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ আউটসোর্সিং এর মাধ্যমে জনবল সরবরাহের লক্ষ্যে নিয়োগ/সরবরাহ কাজের কার্যাদেশ ও সম্পাদিত চুক্তির মেয়াদ বৃদ্ধি।

সূত্রঃ (১) স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.১১.০০৩.১৭(অংশ-১)-১৪৩৫, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রি:
(২) শেখ ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানের স্মারক নং-এসএফএমইএইচটিআই/গোপাল/আউটসোর্সিং/২০১৯-২০/১৩২৫, তারিখঃ ০৭/১০/২০১৯খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য সেবা বিভাগের নিয়ন্ত্রণাধীন শেখ ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান, গোপালগঞ্জ কার্যালয়ে পরিস্কার পরিচ্ছন্নতা ও সার্বক্ষণিক সেবা নিশ্চিতকরণার্থে অর্থ বিভাগের ২৫/০৮/২০১৯ তারিখের ০৭.১৫৬.০১৫.৪৫.০২.০২.২০১২-৩২৪ সংখ্যক স্মারকের সম্মতিক্রমে ১নং সূত্রোক্ত স্মারকের মাধ্যমে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ এর ৩(২) অনুচ্ছেদ মোতাবেক শর্ত সাপেক্ষে বিভিন্ন ক্যাটাগরির প্রস্তাবিত ২০৩ টি পদের মধ্যে ৪০টি অফিস সহায়ক পদ বাদ দিয়ে ১৬৩ টি পদে আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল নিয়োগের অনুমতি প্রদান করা হয়। উক্ত পত্রের (ঘ) নং শর্তে সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি-বিধান অনুসরণের নির্দেশনা রয়েছে।

২। এমতাবস্থায়, শেখ ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান, গোপালগঞ্জ কার্যালয়ে ২০১৮-২০১৯ অর্থ বছরে নিয়োজিত ঠিকাদারী প্রতিষ্ঠান সাইফুল ইসলাম ট্রেড লিংক, ২১, হেরাজ মার্কেট, কেডি ঘোষ রোড, খুলনা-এর সঙ্গে চুক্তির মেয়াদ ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থ বছরে বৃদ্ধির বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। সেই সঙ্গে অর্থ বিভাগের নির্দেশনা মোতাবেক অফিস সহায়ক এর ৪০টি পদে জনবল নিয়োগের সুযোগ নেই মর্মে অবহিত করা হল।

২০/১০/১৯
(শাহিনা খাতুন)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

পরিচালক
শেখ ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান
গোপালগঞ্জ।

অনুলিপিঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা[দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]।
২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।